

দুরালাপনী : অফিসঃ ২৫১৩৮০১-৩, ফ্যাক্সঃ ২৫১৩৮০৪
সিএন্ডএফ এজেন্টস্ হলঃ ৭১২১৭৬, ফ্যাক্সঃ ৭১৪১৩৭

Website- www.cnfctg.org, www.cnfctg.net
E-mail- cnfctg@gmail.com, cnfctg@yahoo.com

চিটাগাং কাস্টমস্ ক্লিয়ারিং এন্ড ফরওয়ার্ডিং এজেন্টস্ এসোসিয়েশন

CHITTAGONG CUSTOMS CLEARING & FORWARDING AGENTS ASSOCIATION

সি এন্ড এফ টাওয়ার (১৪তম তলা), ১৭১২, শেখ মুজিব রোড, আশ্রাবাদ বা/এ, ডবলমুরিং, চট্টগ্রাম- ৪১০০

প্রচার পত্র নং- ১৯/২০১৮

তারিখ : ২৮/০২/২০১৮খ্রিঃ

সম্মানিত সদস্য/সদস্যাবৃন্দের প্রতি,

বিল অব এন্ট্রিতে বিশদ বর্ণনা প্রদান এবং মূল্য ঘোষণা ফরম দাখিল সংক্রান্ত বিষয়ে প্রশিক্ষণ কর্মশালা

সম্মানিত সদস্য/সদস্যাদের জানানো যাচ্ছে যে, জাতীয় রাজস্ব বোর্ডের নির্দেশনা মোতাবেক আগামী ০৭ মার্চ ২০১৮খ্রিঃ তারিখ হতে বিল অব এন্ট্রিতে বিশদ বর্ণনা (Responsive description) প্রদান এবং শুল্ক মূল্যায়ন বিধিমালা, ২০০০ অনুযায়ী মূল্য ঘোষণা ফরম দাখিল বাধ্যতামূলক করা হচ্ছে। ইতিপূর্বে কাস্টম হাউস, চট্টগ্রাম কর্তৃক বিল অব এন্ট্রিতে বিশদ বর্ণনা প্রদান ও মূল্য ঘোষণা ফরম দাখিল করার জন্য আদেশ জারী করা হয়েছিল। তৎপ্রেক্ষিতে সদস্য সিএন্ডএফ এজেন্টদের প্রশিক্ষণের মাধ্যমে এ বিষয়ে ধারণা প্রদান করা হয়। কিন্তু কর্তৃপক্ষীয় আদেশ জারী ও প্রশিক্ষণ প্রদান স্বত্বেও অনেক সদস্য সিএন্ডএফ এজেন্ট কর্তৃক বিল অব এন্ট্রিতে বিশদ বর্ণনা প্রদান না করা এবং মূল্য ঘোষণা ফরম দাখিল না করার কারণে অনেক ক্ষেত্রে পণ্যের শুল্কায়নে জটিলতা সৃষ্টি হচ্ছে।

এমতাবস্থায়, এ বিষয়ে আরো স্বচ্ছ ধারণা দেয়ার লক্ষ্যে আগামী ০৫ মার্চ ২০১৮খ্রিঃ সোমবার সকাল ১১.০০টায় কাস্টম হাউস, চট্টগ্রাম এর অডিটরিয়াম এ বিল অব এন্ট্রিতে বিশদ বর্ণনা প্রদান এবং মূল্য ঘোষণা ফরম দাখিল সংক্রান্ত বিষয়ে সদস্য সিএন্ডএফ এজেন্ট ও তাঁদের প্রতিনিধিদের জন্য অত্র এসোসিয়েশনের উদ্যোগে প্রশিক্ষণ কর্মশালার আয়োজন করা হয়েছে।

উক্ত প্রশিক্ষণ কর্মশালায় সকল সম্মানিত সদস্য/সদস্য ও তাঁদের প্রতিনিধিদের অংশগ্রহণ করার জন্য অনুরোধ জানানো যাচ্ছে।

স্বাক্ষরিত/-

মোঃ আলতাফ হোসেন চৌধুরী (বাচ্চু)

সাধারণ সম্পাদক

চিটাগাং কাস্টমস্ ক্লিয়ারিং এন্ড ফরওয়ার্ডিং
এজেন্টস্ এসোসিয়েশন